**বাংলাদেশ স্কাউটস**

**৬ষ্ঠ জাতীয় কমডেকা- ২০১৮**

থীম ঃ “টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং”

কমডেকা সচিবালয়

জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

ফোন : +৮৮-০২-৯৩৩৩৬৫১/৯৩৪২০৫৮ ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪২২২৬

Web: scouts.gov.bd; E-mail: 6thnationalcomdeca@gmail.com


# পরিপত্র - ৩

বাংলাদেশ স্কাউটস এর উদ্যোগে চাঁদপুর জেলার হাইমচর উপজেলার মেঘনা নদীর পূর্বপাড়ে মনোরম প্রাকৃতিক পরিবেশ বেষ্টিত সমতল ভূমি ‘চরভাঙ্গা’ এলাকায় আগামী ৩১ মার্চ- ৫এপ্রিল ২০১৮ পর্যন্ত “৬ষ্ঠ জাতীয় কমডেকা” অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা** আগামী ০১ এপ্রিল ২০১৮ তারিখ ৬ষ্ঠ জাতীয় কমডেকার শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি প্রদান করেছেন।

**১.১। আগমন ও প্রস্থান ঃ** ৬ষ্ঠ জাতীয় কমডেকায় অংশগ্রহণের লক্ষ্যে সকল কমডেকা অফিসিয়াল ও স্বেচ্ছাসেবক রোভার স্কাউটগণকে ৩০ মার্চ ২০১৮ তারিখ দুপুর ১২-০০ টার মধ্যে কমডেকা ভেন্যুতে উপস্থিত হয়ে রিপোর্ট করতে হবে। অংশগ্রহণকারী স্কাউট, রোভার স্কাউট ও ইউনিট লিডারগণকে **৩১** মার্চ **২০১৮** তারিখ দুপুর **১২-০০** টার মধ্যে কমডেকা ভেন্যুতে উপস্থিত হয়ে রিপোর্ট করতে হবে। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত নির্ধারিত সময়ের মধ্যে কমডেকা অফিসিয়াল ও স্বেচ্ছাসেবকবৃন্দ কমডেকা এলাকায় রিপোর্টিং করতে ব্যর্থ হলে রেজিস্ট্রেশন করতে দেয়া হবে না। কমডেকা শেষে ০৬ এপ্রিল ২০১৮ তারিখ ভোর থেকে কমডেকা এলাকা ত্যাগ করা যাবে। কোনভাবেই ৫ এপ্রিল ২০১৮ তারিখ রাতে কমডেকা এলাকা ত্যাগ করা যাবে না।

**১.২। সংশোধিত প্রোগ্রাম সিডিউল** ঃ ৬ষ্ঠ জাতীয় কমডেকার সংশোধিত প্রোগ্রাম সিডিউল অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। সংশোধিত প্রোগ্রাম সিডিউল সংযুক্ত করা হলো।

**২.০। ভিলেজ ও সাবক্যাম্পের নামকরণ** ঃ

কমডেকায় অংশগ্রহণকারীবৃন্দ ৪টি ভিলেজ ও ৮টি সাবক্যাম্পে বিভাজিত হয়ে মোট **১২**টি লক্ষ্য ও ৫টি কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করবে । এছাড়াও অংশগ্রহণকারীবৃন্দ স্থানীয় গ্রামসমূহে সমাজ উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ করবে। পরিপত্র-২ এর মাধ্যমে কমডেকা এর বিস্তারিত প্রোগ্রাম সকলকে অবহিত করা হয়েছে। কমডেকার মেইন এরিনার নামকরণ করা হয়েছে - SDG (Sustainable Development Goal)। ভিলেজসমূহের নামকরণ করা হয়েছে যথাক্রমে - ১। Green House, ২। Biodiversity, ৩। Habitat, ৪। Atmosphere। এছাড়া ভিলেজসমূহের আওতাধীন সাবক্যাম্পসমূহ হচ্ছে - ক) Green Energy, খ) Ozone layer, গ) Kyoto Protocol, ঘ) Paris Agreement, ঙ) Reforestation, চ) Reuse, ছ) Zero Emission, জ) Renewable energy।

**৩.০। কন্টিনজেন্ট লিডার ঃ** ৬ষ্ঠ জাতীয় কমডেকো সচিবালয় কর্তৃক বরাদ্দকৃত ইউনিট কোটানুযায়ী অঞ্চলভিত্তিক প্রতিটি কন্টিনজেন্ট এর সাথে দায়িত্বশীল ও কমপক্ষে উডব্যাজধারী কন্টিনজেন্ট লিডার থাকবেন। অঞ্চলের বরাদ্দকৃত ইউনিট কোটা অনুযায়ী ঢাকা ও কুমিল্লা অঞ্চল থেকে ২জন (১ জন পুরুষ ও ১জন মহিলা) করে, রোভার অঞ্চলের আওতাধীন ৮টি প্রশাসনিক বিভাগ থেকে ১ জন করে মোট ৮ জন এবং অবশিষ্ট সকল অঞ্চল থেকে ১ জন করে কন্টিনজেন্ট লিডার অংশগ্রহণের সুযোগ পাবেন। কন্টিনজেন্ট লিডারদের রেজিস্ট্রেশন ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা। কন্টিনজেন্ট লিডারের আবাসনের জন্য তাঁবুর ব্যবস্থা থাকবে এবং সেন্ট্রাল ক্যাফেটেরিয়ায় খাবার গ্রহণ করবেন। তবে কন্টিনজেন্ট লিডারকে তাঁবুতে থাকার উপযোগী বিছানাপত্র সঙ্গে নিয়ে আসতে হবে।

**৩.১। কন্টিনজেন্ট লিডারের দায়িত্ব ও কর্তব্য ঃ**

ক. কন্টিনজেন্ট লিডার কমডেকায় অংশগ্রহণকারী সংশ্লিষ্ট কন্টিনজেন্টভুক্ত ইউনিটসমূহের যাতায়াত এবং কমডেকা চলাকালীন বিভিন্ন প্রোগ্রামে যথাসময়ে ইউনিটসমূহের অংশগ্রহণ নিশ্চিত করবেন ;

খ. কমডেকা ভেন্যুতে নিজ কন্টিনজেন্টের ইউনিটসমূহের রেজিস্ট্রেশনের সময় কন্টিনজেন্ট লিডার উপস্থিত থেকে সুষ্ঠুভাবে উক্ত কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করবেন ও

গ. কন্টিনজেন্ট লিডার ইউনিটসমূহের সকল স্কাউট/ রোভার স্কাউট এর 'মাই প্রোগ্রেস' সঙ্গে রাখার বিষয়টি নিশ্চিত করবেন।

**৪.০। অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউটদের নাম পরিবর্তন ঃ**

রেজিস্ট্রেশন ফরমে যে সকল স্কাউট/ রোভার স্কাউটের নাম উল্লেখ রয়েছে কোন কারণে তাদের নাম পরিবর্তনের প্রয়োজন হলে তা কমডেকা শুরুর অন্তত ১০ (দশ) দিন পূর্বে কমডেকা সচিবালয়কে অবহিত করতে হবে। অনুপস্থিতির তথ্য যথা সময়ের মধ্যে সংশোধন করা না হলে উক্ত স্কাউট/ রোভার স্কাউটকে কমডেকায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা সম্ভব হবে না।

**৫.০। কেন্দ্রীয় অনুষ্ঠানাদি ঃ**

**৫.১। উদ্বোধনী অনুষ্ঠান** ঃ ৬ষ্ঠ জাতীয় কমডেকো এর উদ্বোধনী অনুষ্ঠান আগামী ০১ এপ্রিল ২০১৮ তারিখ সকাল ১১-০০ টায় অনুষ্ঠিত হবে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কমডেকার শুভ উদ্বোধন করবেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**। উক্ত অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য টিভি চ্যানেলে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করা হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠান সুন্দর ও সফলভাবে বাস্তবায়নের জন্য কমডেকায় অংশগ্রহণকারী সকল স্কাউট, রোভার স্কাউট, স্কাউট লিডার ও রোভার স্কাউট লিডারদের করণীয় নিম্নে উল্লেখ করা হলো ঃ

(ক) সকল অংশগ্রহণকারীকে নির্ধারিত তারিখ ও সময়ে উদ্বোধনী অনুষ্ঠানের মহড়ায় অংশগ্রহণ করতে হবে।

(খ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে কেবলমাত্র পরিপাটি স্কাউট পোশাকে সুশৃঙ্খলভাবে অনুষ্ঠান স্থলে উপস্থিত হয়ে নির্ধারিত স্থানে অবস্থান গ্রহণ এবং চূড়ান্ত মহড়ায় অংশগ্রহণসহ কর্তৃপক্ষের সকল নির্দেশনা অনুসরণ করতে হবে ;

(গ) মাননীয় প্রধানমন্ত্রীর পরিদর্শনের জন্য যথাযথভাবে তাঁবু এলাকা প্রস্তুত রাখতে হবে ও

(ঘ) উদ্বোধনী অনুষ্ঠানে স্কাউট ও রোভার স্কাউটদের ভিলেজ অনুযায়ী নির্ধারিত স্থানে অবস্থান করতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠান ছাড়াও কমডেকা প্রোগ্রাম অনুসারে অন্যান্য কেন্দ্রীয় অনুষ্ঠানাদিসমূহ সিডিউল মোতাবেক অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানসমূহে প্রয়োজনীয় প্রস্তুতিসহ যথাসময়ে সকলকে উপস্থিত থাকতে হবে। কেন্দ্রীয় অনুষ্ঠানসমূহ চলাকালে কোন স্কাউট ও লিডারবৃন্দ কোন অবস্থাতেই নির্ধারিত এলাকা ত্যাগ করতে পারবেন না।

৫.২। **উদ্বোধনী অনুষ্ঠানের নিরাপত্তা সতর্কতা** ঃ কমডেকায় অংশগ্রহণকারী সকল স্কাউট, রোভার স্কাউট, ইউনিট লিডার/রোভার স্কাউট লিডার, কমডেকা অফিসিয়াল, স্বেচ্ছাসেবক রোভার স্কাউট এবং সকল পর্যায়ের কমডেকা কর্মকর্তাবৃন্দ নিরাপত্তার স্বার্থে কোন ইলেক্ট্রিক ও ইলেক্ট্রনিক ডিভাইস, মোবাইল ফোন, ক্যামেরা, ধারাল বস্তু বা দাহ্য বস্তু, পানির বোতল ইত্যাদি সাথে নিয়ে উদ্বোধনী অনুষ্ঠানের জন্য নির্ধারিত স্থানে প্রবেশ করবেন না। নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, সংস্থা বা এজেন্সীসমূহ কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ জানানো হলো। উদ্বোধনী অনুষ্ঠানের পরে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক তাঁবু এলাকা পরিদর্শনের জন্য তাঁবুতে ইলেক্ট্রিক ও ইলেক্ট্রনিক ডিভাইস, মোবাইল ফোন, ক্যামেরা, ধারাল কোন বস্তু (যেমন- দা, চাকু) গ্যাস সিলিন্ডার বা দাহ্য বস্তু, পানির বোতল ইত্যাদি নিজস্ব ব্যবস্থাপনায় নির্ধারিত স্থানে জমা দিতে হবে এবং অনুষ্ঠান শেষে সেই সকল সরঞ্জাম সংগ্রহ করতে হবে।

৫.৩। **ডিজাস্টার রেসপন্স টিম ঃ** কমডেকায় অংশগ্রহণকারীদের মধ্যে যে সকল রোভার স্কাউট ও অ্যাডাল্ট লিডার ইতোমধ্যে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা ক্যাম্প, টিওটি কোর্স ও জেলা পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন ডিজাস্টার ম্যানেজমেন্ট কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের বসার জন্য ৬ষ্ঠ জাতীয় কমডেকার উদ্বোধনী অনুষ্ঠানে নির্ধারিত জায়গা থাকবে। ডিজাস্টার রেসপন্স টিমের সদস্যদের স্কাউট পোশাকের সাথে ভেস্ট (জ্যাকেট) ও হেলমেট পরিহিত অবস্থায় নির্ধারিত স্থানে বসতে হবে। সংশ্লিষ্ট সকলকে কমডেকায় আসার সময় ভেস্ট (জ্যাকেট) ও হেলমেট সাথে আনার জন্য অনুরোধ করা হলো।

৫.৪। **অঞ্চল, জেলা ও ইউনিট পতাকা** ঃ ৬ষ্ঠ জাতীয় কমডেকার প্রত্যেক কন্টিনজেন্ট লিডার স্ব-স্ব অঞ্চলের দুটি পতাকা উদ্বোধনী অনুষ্ঠানের আগের দিন কমডেকা প্রোগ্রাম সচিবালয়ে জমা দিবেন। এছাড়াও প্রতিটি ইউনিটকে উদ্বোধনী অনুষ্ঠানের মার্চ পাস্ট ও তাঁবু এলাকায় ব্যবহারের জন্য ইউনিট পতাকা সাথে আনতে হবে। জেলা স্কাউটস এর জন্য অভিন্ন পতাকা স্কাউট শপ থেকে সরবরাহ করা হবে। এজন্য প্রতিটি জেলা স্কাউটস, জেলা রোভার স্কাউটস এবং রেলওয়ে, নৌ ও এয়ার স্কাউট জেলাকে ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ) টাকা হারে কেন্দ্রীয় অনুষ্ঠানাদি সচিবালয়ে জনাব মোঃ ইকবাল হাসান, সহকারী পরিচালক ( প্রশিক্ষণ) ও সদস্য সচিব, কেন্দ্রীয় অনুষ্ঠানাদি উপ কমিটি (মোবাইলঃ ০১৯১৬-০৩০৩৩৬) এর নিকট পরিশোধ করতে হবে। কমডেকা শেষে সংশ্লিষ্ট অঞ্চলের কন্টিনজেন্ট লিডারের নিকট প্রত্যেক জেলা স্কাউটস এর পতাকা ফেরত দেওয়া হবে। অংশগ্রহণকারী প্রত্যেক ইউনিটকে পতাকাদণ্ডসহ (৬ ফুট লম্বা) ইউনিট পতাকা কমডেকার উদ্বোধনী অনুষ্ঠান ও মহড়ায় অনুষ্ঠানস্থলে সাথে নিয়ে আসতে হবে।

৬.১। **কমডেকা থিম সংগীত** ঃ ৬ষ্ঠ জাতীয় কমডেকা উপলক্ষে কমডেকা থিম সংগীত তৈরি করা হয়েছে। সংগীত রচনা করেছেন জনাব এ এইচ এম শামছুল আজাদ, উপ পরিচালক (স্পেশাল ইভেন্টস ও ফাউন্ডেশন), বাংলাদেশ স্কাউটস; সুর ও কম্পোজ করেছেন জনাব মাসুদ রানা ; কণ্ঠ দিয়েছেন জনাব রুমা তাপসী ও জনাব আরিফ সুজন।

<u>৬ষ্ঠ জাতীয় কমডেকা সংগীত</u>

এসোনা স্কাউট এক সাথে
এগিয়ে যাবো সবাই মিলে
টেকসই সমাজ বিনির্মাণে
একুশ শতকের স্বপ্ন নিয়ে
চল কডেকায়, কমডেকায় মিলন মেলায়
চল কডেকায়, কমডেকায় পথ চলায় (২)

আসুক যতো শ্রাবণের ধারা
ভূকম্প আর অগ্নিঝরা (২)
পেরিয়ে যাবো সকল বাঁধা
থামবেনা আমাদের পথ চলা
চল কডেকায়, কমডেকায় মিলন মেলায়
চল কডেকায়, কমডেকায় পথ চলায় (২)

দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবো
দেশের সেবায় এগিয়ে যাবো (২)
শান্তি সম্প্রীতির বাণী নিয়ে
ঘুরবো মোরা বিশ্বলয়ে
চল কডেকায়, কমডেকায় মিলন মেলায়
চল কডেকায়, কমডেকায় পথ চলায় (২)

থিম সংগীতের রেকর্ডিং কপি বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে পাওয়া যাবে। থিম সংগীতটি অনুশীলন করে আসার জন্য সকল অংশগ্রহণকারীদেরকে অনুরোধ করা হলো।

৬.২। **কমডেকা লোগো** ঃ ৬ষ্ঠ জাতীয় কমডেকা লোগোর সফট্ কপি বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে পাওয়া যাবে। প্রয়োজন অনুযায়ী কমডেকা লোগোর সফট কপি ওয়েবসাইট বা ফেইসবুক পেজ থেকে ডাউনলোড করে ব্যবহার করা যেতে পারে।

৭.০। **কমডেকা আবাসন ঃ** ৬ষ্ঠ জাতীয় কমডেকায় সকল অংশগ্রহণকারী ও কর্মকর্তাবৃন্দ তাঁবুতে অবস্থান করবেন। তাঁবুগুলো বাংলাদেশ সরকার তথা বাংলাদেশের জনগণের সম্পদ। এ সম্পদ রক্ষা করা আমাদের সকলের দায়িত্ব। কমডেকা এলাকায় পূর্ব থেকেই তাঁবু টানানো থাকবে। প্রত্যেক ইউনিটকে তাঁবু টানা দেয়ার জন্য ৬টি রশি ও ৬টি পেগ সাথে আনতে হবে। তাঁবুর গায়ে কোন প্রকার লেখা বা আঁকাআঁকি করা, ছিদ্র/ফুটা করা যাবে না এবং নোংরা বা অপরিষ্কার অবস্থায় তাঁবু ফেরৎ প্রদান করা যাবে না। সর্বোপরি তাঁবুর বাহ্যিক কোন ক্ষতিসাধন করা যাবে না। কমডেকা শেষে তাঁবু এবং তাঁবুর প্রয়োজনীয় উপকরণ যথাযথভাবে ফেরত প্রদান সাপেক্ষে ক্যাম্প এলাকা ত্যাগের অনুমতি প্রদান করা হবে। কমডেকা কর্তৃপক্ষ কর্তৃক স্থাপিত তাঁবু ছাড়া নিজস্ব ব্যবস্থাপনায় অন্য কোন তাঁবু অথবা আবাসন কাঠামো স্থাপন করা যাবে না। আবাসন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের জন্য ৬ষ্ঠ জাতীয় কমডেকা আবাসন উপ-কমিটির সদস্য সচিব জনাব মোঃ সৈকত হোসেন (মোবাইল নং-০১৭২১৫৬৮৯৭৩) এর সাথে যোগাযোগ করা যাবে।

৮.০। **কমডেকা টেল ঃ** ৬ষ্ঠ জাতীয় কমডেকায় আগত অতিথিবৃন্দের অস্থায়ী আবাসনের জন্য তাঁবু দিয়ে তৈরি কমডেকা টেল এর ব্যবস্থা থাকবে। কমডেকা টেল-এ একদিন অবস্থান করার জন্য মাথাপিছু ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করতে হবে। উক্ত রেজিস্ট্রেশন ফি এর মাধ্যমে শুধুমাত্র সকালের নাস্তা সেন্ট্রাল ক্যাফেটেরিয়া থেকে গ্রহণ করা যাবে। দুপুর ও রাতের খাবারের জন্য খাদ্য উপকমিটি কর্তৃক নির্ধারিত ফি পরিশোধ করে খাদ্য কুপন সংগ্রহ করা যাবে। কমডেকা টেল এ থাকার বিষয়ে অগ্রীম বুকিং দেয়ার জন্য কমডেকা টেল ইনচার্জ জনাব অলক চক্রবর্তী, সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল এর সাথে (মোবাইল নংঃ ০১৭১৭২৬৫৭৪৯) যোগাযোগ করা যেতে পারে।

**৯.০। অভ্যন্তরীণ নিরাপত্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা ঃ**

কমডেকা ময়দানে সার্বিক নিরাপত্তার স্বার্থে নিরাপত্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক দিকনির্দেশনা মেনে চলতে হবে। কমডেকা এলাকায় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে নির্ধারিত ফরম (ফরম- ক) সংযুক্ত করা হলো । প্রতিটি ইউনিটকে ২ কপি নিরাপত্তা ফরম যথাযথভাবে পূরণ করে সঙ্গে নিয়ে আসতে হবে। কমডেকা ভেন্যুতে প্রবেশকালে নিরাপত্তা চেক পয়েন্টে এক কপি নিরাপত্তা ফরম জমা দিতে হবে এবং অন্য কপিতে নিরাপত্তা চেক পয়েন্টের স্বাক্ষর গ্রহণ করে সংরক্ষণ করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় তথ্যের জন্য জনাব ফরিদ উদ্দিন, সদস্য সচিব, অভ্যন্তরীণ নিরাপত্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা সাব কমিটি (মোবাইল নং- ০১৮১৮৪২৭২২৮, ০১৯১৩৭১৬১৫৫ অথবা ই-মেইল faridbdscouts@gmail.com) এর সাথে যোগাযোগ করা যাবে। কমডেকায় অবস্থানকালীন নিম্নবর্ণিত বিষয়সমূহ অবশ্যই অনুসরণ করতে হবে ঃ

ক) তাঁবু বাসের নিয়ম যথাযথভাবে মেনে চলতে হবে ;

**খ)** কমডেকা ভেন্যুতে ৩১ মার্চ ২০১৮ সকাল ১০-০০ টা থেকে দিনব্যাপী মেইন এরিনার প্যান্ডেলে Safty & Security বিষয়ক একাধিক ওরিয়েন্টেশন সেশন অনুষ্ঠিত হবে। কমডেকা অফিসিয়াল, স্বেচ্ছাসেবক রোভার স্কাউট ও ইউনিট লিডারবৃন্দ সুবিধাজনক সময়ে উক্ত ওরিয়েন্টেশনে অংশগ্রহণ করে স্ব স্ব আইডি কার্ড সংগ্রহ করবেন। ক্যাম্প চলাকালীন সকলকে আইডি কার্ড পরিধান করতে হবে ;

গ) কেউ ব্যক্তিগত ওয়াকিটকি কমডেকা ময়দানে ব্যবহার করতে পারবেনা ;

ঘ) নির্ধারিত বৈদ্যুতিক সংযোগের অতিরিক্ত অথবা তাঁবুতে কোন সংযোগ গ্রহণ করা ও তাঁবুতে মশার কয়েল জ্বালানো যাবেনা;

ঙ) কমডেকা চলাকালীন কমডেকা স্কার্ফ ও নিরাপত্তা কার্ড/আইডি কার্ড আবশ্যিকভাবে পরিধান করে করতে হবে;

চ) কোন ইউনিটে ৮ (আট) জন স্কাউট/রোভার স্কাউট এবং ১ (এক) জন ইউনিট লিডারের অতিরিক্ত কেউ অবস্থান করতে পারবে না। ছেলে ইউনিটে মহিলা লিডার বা মেয়েদের ইউনিটে পুরুষ লিডার থাকতে পারবে না;

ছ) কমডেকা ভেন্যু সংলগ্ন মেঘনা নদীতে গোসল করা অথবা তীরে অবস্থান করা যাবে না;

জ) মোবাইল ফোন, ক্যামেরা, টাকা পয়সাসহ মূল্যবান জিনিসপত্র নিজ দায়িত্বে রাখতে হবে;

ঝ) তাঁবু এলাকায় অগ্নিকান্ড ঘটতে পারে এমন কর্মকান্ড থেকে বিরত থাকতে হবে এবং কোন ধরণের দুর্ঘটনা ঘটলে সাথে সাথে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে জানাতে হবে;

ঞ) ক্যাম্পে অংশগ্রহণকারী সকলের সাথে সদ্ভাব বজায় রেখে চলতে হবে;

ট) কমডেকা এলাকায় কোন সম্পদ নষ্ট করা যাবেনা এবং কারো দ্বারা ক্ষয়ক্ষতি হলে তার জন্য সংশ্লিষ্ট ইউনিটকে দায়ী করে ব্যবস্থা নেয়া হবে ও

ঠ) ক্যাম্প এলাকায় অনুমোদিত যানবাহন ব্যতিত অন্য কোন প্রকার যন্ত্রচালিত যানবাহন চলাচল করতে পারবে না।

**১০.০। যাতায়াত ব্যবস্থা ঃ** চাঁদপুর জেলা মেঘনা নদীর তীরে অবস্থিত। নৌ পথে ও সড়ক পথে ঢাকা থেকে সরাসরি চাঁদপুর পৌছানো যায়। চট্টগ্রাম থেকে চাঁদপুর পর্যন্ত সরাসরি রেল যোগাযোগ রয়েছে। চাঁদপুর শহর থেকে কমডেকা ভেন্যু চরভাঙ্গা, হাইমচর পর্যন্ত সড়কপথে দুরত্ব প্রায় ২৭ কিলোমিটার। চাঁদপুর পুরান বাজার/ পালবাজার সিএনজি স্ট্যান্ড থেকে সিএনজি ট্যাক্সি যোগে কমডেকা ভেন্যুতে উপস্থিত হওয়া যাবে। কমডেকায় আগত ইউনিটসমূহকে সহায়তা প্রদানের লক্ষ্যে ৩১ মার্চ ২০১৮ তারিখ ঢাকা সদরঘাট লঞ্চ টার্মিনাল, চাঁদপুর লঞ্চ টার্মিনাল, হাইমচর লঞ্চ ঘাট ও চাঁদপুর রেলওয়ে স্টেশনে কমডেকা চলাকালীন পরিবহন সহায়তা কেন্দ্র স্থাপন করা হবে। কমডেকায় অংশগ্রহণ নিরাপদ ও স্বাচ্ছন্দ্যময় করার জন্য যে সকল জেলার পক্ষে একক রুটে কমডেকাতে পৌছানো সম্ভব তাঁদের নিজ জেলা হতে সরাসরি কমডেকা স্থলে উপস্থিত হওয়ার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। যাতায়াতের বিষয়ে জেলা স্কাউটস/জেলা রোভার এর সভাপতি ও জেলা প্রশাসক এর সহায়তা গ্রহণ করার পরামর্শ প্রদান করা হলো।

**১০.১। নৌ পথ ঃ** নৌ পথে যাতায়াতকারী ইউনিটসমূহকে সর্বোচ্চ সুবিধা প্রদানের লক্ষ্যে কমডেকা ভেন্যূ হতে পায়ে হাটা দুরুত্বে হাইমচর লঞ্চ ঘাটে অস্থায়ী পন্টুন স্থাপন করা হবে । ঢাকা সদরঘাট লঞ্চ টার্মিনাল হতে হাইমচর লঞ্চঘাট পর্যন্ত নদী পথে সময় লাগবে প্রায় ৪:৩০ ঘন্টা। ঢাকা থেকে এম ভি আব-এ-জমজম-১, এম ভি বোগদাদিয়া/ তাকওয়া লঞ্চ দুটির মাধ্যমে সরাসরি হাইমচর যাতায়াত করা যায়। লঞ্চ দুটি যথাক্রমে সকাল ৯:০০ টা রাত ১১:১৫ মিনিটে সদরঘাট লঞ্চ টার্মিনাল হতে চাঁদপুর ও হাইমচরের উদ্দেশ্যে ছেড়ে যায় এবং হাইমচর থেকে সকাল ৮.১৫ মিনিট ও রাত ৮.১৫ মিনিটে ঢাকার উদ্দেশ্যে চাঁদপুর ছেড়ে আসে। ঢাকা সদরঘাট লঞ্চ টার্মিনালের লালকুঠি ঘাট হতে সকাল ৭.২০ মিনিট হতে রাত ১২.৩০ মিনিট পর্যন্ত প্রতিদিন ২১ টি লঞ্চ সিডিউল অনুযায়ী চাঁদপুর জেলার উদ্দেশ্যে যাত্রা করে।

**১০.২। রেলপথ ঃ** ঢাকা ও চাঁদপুর এর মধ্যে সরাসরি কোন ট্রেন নেই। তবে চট্টগ্রাম রেলওয়ে স্টেশন হতে ২ টি ট্রেন প্রতিদিন চাদঁপুরের উদ্দেশ্যে যাত্রা করে। "সাগরিকা মেইল"ট্রেনটি সকাল ৮:০০ টায় ছেড়ে আসে ও দুপুর ১:৩০ মিনিটে চাঁদপুর পৌছে এবং "আন্তঃনগর মেঘনা এক্সপ্রেস" বিকাল ৪:০০ টায় ছেড়ে আসে ও রাত ১০:০০ টায় চাঁদপুর পৌছে।

**১০.৩। সড়ক পথ ঃ** সড়ক পথে ঢাকা হতে কমডেকা ভেন্যুর দুরুত্ব প্রায় ১১৬ কিলোমিটার। সায়েদাবাদ বাসস্ট্যান্ড হতে যে সকল বাস চাঁদপুরের উদ্দেশ্যে ছেড়ে যায় সেগুলোর মধ্যে পদ্মা ও মতলব এক্সপ্রেস অন্যতম। উক্ত বাসযোগে চাঁদপুর শহরে নেমে পালবাজার /পুরানবাজার ব্রিজের নিকটবর্তী স্থান থেকে সিএনজি যোগে কমডেকা ভেন্যু চরভাঙ্গায় পৌছানো যাবে। তবে সড়ক পথে বাস রিজার্ভ করে আসলে সরাসরি কমডেকা ভেন্যুতে উপস্থিত হওয়া যাবে। সড়ক পথে যাতায়াতকারী ইউনিটসমূহের সহজ ও স্বচ্ছন্দ যাতায়াতের জন্য বিআরটিসি-এর বাস রিজার্ভের ক্ষেত্রে ২০% ছাড় পাওয়া যাবে।

**১০.৪। সাবধানতাঃ**

ক) কন্টিনজেন্ট লিডার এর নেতৃত্বে কন্টিনজেন্টের সকল স্কাউট ও রোভার স্কাউট ইউনিট কমডেকাতে অংশগ্রহণ করবে। সহজ ও নিরাপদ যাতায়াত নিশ্চিত করার জন্য জেলা স্কাউট কর্মকর্তাদের জেলা প্রশাসক/সভাপতির সাথে পরামর্শক্রমে পরিবহন রুট (রেল/নৌ/সড়ক পথে) নির্বাচন করা যেতে পারে।

খ) চলার পথে কোন অবস্থায় অপরিচিতজনের দেয়া কোন খাবার গ্রহণ বা খাওয়া যাবেনা। ভ্রমণের পূর্বে বাহনের নাম ও নম্বর, গন্তব্য স্থানের নাম ডাইরীতে লিখে রাখুন এবং সংশ্লিষ্টদের জানিয়ে রাখুন।

খ) কন্টিনজেন্ট লিডার ও সকল ইউনিট লিডার অবশ্যই যাতায়াতকালীন সার্বক্ষণিকভাবে স্কাউট ও রোভার স্কাউট ইউনিটের সাথে অবস্থান করবেন এবং নিরাপদ রাস্তা পারাপার করবেন।

গ) যাতায়াতকালে স্কাউটরা যাতে শৃংখলার সাথে যানবাহনে অবস্থান করে এবং যানবাহনের বাইরে হাত, পা ও মাথা বের না করে বা যানবাহনের ছাদে যাত্রা না করে সে বিষয়ে কন্টিনজেন্ট ও অন্যান্য ইউনিট লিডারদের সর্তক দৃষ্টি রাখতে হবে।

ঘ) কমডেকা এলাকার পার্কিং লট থেকে প্রতিটি সাব ক্যাম্পের দূরত্ব কমপক্ষে ১-২ কিলোমিটার হতে পারে। সুতরাং ইউনিট ও নিজেদের মালামাল পরিবহনের জন্য শারীরিক ও মানসিক প্রস্তুতি থাকতে হবে। কোন অবস্থাতেই কোন যান্ত্রিক পরিবহন সাব ক্যাম্প এলাকায় প্রবেশ করবে না।

কমডেকায় আগত ইউনিটসমূহকে পরিবহণ সংক্রান্ত সহায়তার জন্য যাতায়াত ফরম সংযুক্ত করা হলো (ফরম - খ)। কন্টিনজেন্ট লিডার ফরমটি পূরণ করে আগামী ২০ মার্চ ২০১৮ এর মধ্যে আবশ্যিকভাবে কমেডকা সচিবালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। কমডেকার পরিবহন সংক্রান্ত যে কোন প্রয়োজনে পরিবহন সাব কমিটির সদস্য সচিব জনাব মোঃ জসীম উদ্দীন (মোবাইল নম্বর ০১৯১৯-৫৬৯২০৯, ইমেইল jasim3030@yahoo.com) এর সাথে যোগাযোগ করা যাবে।

**১১.০। কমডেকা অংশগ্রহণকারীদের অভ্যর্থনা ঃ** কমডেকা ময়দানে পৌঁছানোর পূর্বেই চাঁদপুর রেলওয়ে স্টেশন, চাঁদপুর লঞ্চ ঘাট ও হাইমচর লঞ্চঘাটে অংশগ্রহণকারীদের জন্য অভ্যর্থনা বুথ স্থাপন করা হবে। এছাড়াও কমডেকা এরিনায় অভ্যর্থনা কেন্দ্র স্থাপন করা হবে। অভ্যর্থনা কেন্দ্রে কমডেকার প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে।

**১২.০। কমডেকা বাজার ঃ** কমডেকা ভেন্যুর নির্ধারিত স্থানে অস্থায়ী কমডেকা বাজার স্থাপন করা হবে। কমডেকা বাজারে মাছ, মাংস, মুরগী, ডিম, কাঁচা বাজার, কনফেকশনারী, ফল, মিষ্টি, লাকড়ী, বাঁশ, দড়ি, জুতা, স্যান্ডেল ইত্যাদি বাজার দরে ক্রয় করা যাবে। এছাড়াও এখানে মুদি দোকান, মোবাইল ও ফ্লেক্সিলোড এর দোকান, সেলুন, ঔষধের ফার্মেসী ও টেইলরিং শপ থাকবে।

**১৩.০। স্কাউট শপঃ** ৬ষ্ঠ জাতীয় কমডেকা-২০১৮ উপলক্ষে কমডেকা ময়দানের নির্দিষ্ট স্থানে স্কাউট শপ স্থাপন করা হবে। নিয়মিত দ্রব্যাদির পাশাপাশি শপে কমডেকা লোগোযুক্ত কোর্ট পিন, প্লাস্টিক চাবির রিং এবং সিরামিক মগ, স্কাউট লোগোযুক্ত পলো শার্ট (সবুজ, নেভী ব্লু ও সাদা রঙের), ল্যাপটপ ব্যাগ, লেডিস ব্যাগ (কালো ও গোলাপী রঙের), টাওয়েল, স্লিভ লেস কোটি (এ্যাশ, ও মেরুন রঙের), বেল্ট, ক্যাপ, সাইডপাঞ্চ ব্যাগ (ছোটও বড় সাইজের), ওয়েস্ট ব্যাগ, নেভী ব্লু স্যুয়েটার এবং টিন ব্যাজ (স্কাউট ও ব্রাদারহুড লোগোযুক্ত) পাওয়া যাবে।

**১৪.০। স্বাস্থ্য বিষয়ক সচেতনতা এবং করণীয় ঃ** কমডেকা ভেন্যুতে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে একটি অস্থায়ী ফিল্ড হাসপাতাল ও ফাস্ট এইড সেন্টার স্থাপন করা হবে। উক্ত হাসপাতাল ও ফাস্ট এইড সেন্টারে জরুরী চিকিৎসা সেবা পাওয়া যাবে। অংশগ্রহণকারীবৃন্দকে নিম্নরূপ স্বাস্থ্যবিধি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো ঃ

ক) নিত্য ব্যবহার্য ঔষধ সঙ্গে নিয়ে আসতে হবে;

খ) তাঁবু এলাকা সব সময় পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে;

**গ)** নিরাপদ খাবার পানি ব্যবহার করতে হবে;

ঘ) খাবার সব সময় ঢেকে রাখতে হবে এবং বাসি, পচাঁ ও দূর্গন্ধযুক্ত খাবার এবং ফেরিওয়ালাদের নিকট থেকে কেনা খাবার গ্রহণে সাবধানতা অবলম্বন করতে হবে ও

৬) ইউনিটের কোন সদস্য অসুস্থ হয়ে পড়লে সঙ্গে সঙ্গে ফিল্ড হাসপাতালে বা ফাস্ট এইড সেন্টারের সাথে যোগাযোগ করতে হবে।

৬ষ্ঠ জাতীয় কমডেকা এর সকল প্রোগ্রাম সুষ্ঠু, সুন্দর ও সফল বাস্তবায়নে এবং পরিপত্র -৩ যথাযথভাবে অনুসরণের বিষয়ে আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

১৫/৩/১৮

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সভাপতি
৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটি
ও
সচিব, রেলপথ মন্ত্রণালয়

স্মারক নং ঃ বাঃ স্কাঃ (৬ষ্ঠ জাঃ কমডেকা)/২৩৩৪(১১০০)/২০১৮

তারিখ ঃ ১ চৈত্র্য ১৪২৪ / ১৫ ফেব্রুয়ারি ২০১৮

**বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
২। আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৩। আঞ্চলিক উপ কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৪। আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৫। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৬। জেলা সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার/ জেলা রেলওয়ে/ জেলা নৌ/ জেলা এয়ার ;
৭। কন্টিনজেন্ট লিডার (সকল), ৬ষ্ঠ জাতীয় কমডেকা ;
৮। অংশগ্রহণকারী ইউনিট (সকল), ৬ষ্ঠ জাতীয় কমডেকা ;

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস ;
২। ৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটির সদস্য (সকল),বাংলাদেশ স্কাউটস ;
৩। সভাপতি, জেলা স্কাউটস ও জেলা রোভার এবং জেলা প্রশাসক, সকল ;

**সদয় জ্ঞাতার্থে ঃ**

১। ড. মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস এবং সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

১৫/৩/১৮

(আরশাদুল মুকাদ্দিস)
সদস্য সচিব
৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটি
ও
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

বাংলাদেশ স্কাউটস

৬ষ্ঠ জাতীয় কমডেকা- ২০১৮

থীম ঃ "টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং"

**ফরম ঃ "ক"**

# নিরাপত্তা ফরম

| | |
|---|---|
| (ক) ইউনিটের নাম ঃ | |
| (খ) জেলা ঃ | (গ) অঞ্চল ঃ |
| (ঘ) ঠিকানা ঃ | |
| (ঙ) ইউনিট লিডারের নাম ঃ | (চ) মোবাইল নং ঃ |

**(ছ) দলীয় এবং অংশগ্রহণকারী স্কাউটদের ব্যক্তিগত দ্রব্যাদির বিবরণ (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে) ঃ**

| ক্রম | বিবরণ | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |
| ৪. | | | |
| ৫. | | | |
| ৬. | | | |
| ৭. | | | |
| ৮. | | | |
| ৯. | | | |
| ১০. | | | |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |

'আমি ঘোষনা করছি যে, আমার ইউনিটের সাথে তালিকা বহির্ভুত কোন সরঞ্জাম ও দ্রব্যাদি নেই।'

ইউনিট লিডারের
স্বাক্ষর ও সীল

ইনচার্জ
নিরাপত্তা চেক পয়েন্ট নং.....
৬ষ্ঠ জাতীয় কমডেকা

**ফরম ঃ "খ"**

**বাংলাদেশ স্কাউটস**
**৬ষ্ঠ জাতীয় কমডেকা- ২০১৮**
থীম ঃ "টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং"

## যাতায়াত ফরম

অঞ্চল/কন্টিনজেন্টের নাম ঃ

কন্টিনজেন্ট লিডারের নাম ও পরিচিতি (টেলিফোন/মোবাইল নম্বর ও ই-মেইল)

কন্টিনজেন্ট এর ইউনিটসমূহের বিবরণ ঃ

| কন্টিনজেন্টের স্কাউট/রোভার ইউনিট সংখ্যা | কন্টিনজেন্টের সদস্য সংখ্যা | কন্টিজেন্ট এর বাস সংখ্যা |
|---|---|---|
| | | |

| যাত্রা শুরুর স্থান | যাত্রা শুরুর তারিখ | যাত্রা শুরুর সময় | বাহনের ধরন ও নাম |
|---|---|---|---|
| | | | বাস / ট্রেন / লঞ্চ |

| যাত্রা সমাপ্তির স্থান | যাত্রা সমাপ্তির তারিখ | যাত্রা সমাপ্তির সময় | কমডেকাতে পৌঁছানোর ব্যবস্থা |
|---|---|---|---|
| | | | |

পরিবহন কমিটির সহায়তা প্রত্যাশা করলে ঃ

| যে ধরনের সহায়তা | হতে | পর্যন্ত |
|---|---|---|
| | | |

| কমডেকা চলাকালে গাড়ী পার্কিং এর প্রয়োজন হলে গাড়ীর ধরণ | গাড়ীর সংখ্যা ও সময় |
|---|---|
| | |

কমডেকা স্থল হতে বাড়ী ফেরার পরিকল্পনা ঃ

| | | |
|---|---|---|
| কন্টিনজেন্ট লিডারের স্বাক্ষর | জেলা সম্পাদক স্বাক্ষর | জেলা সভাপতির স্বাক্ষর |